


উপাচার্যের নতুন বই



শুভজিৎ, সীমা : লিপিকা প্রেক্ষাগৃহে গত ২১ ডিসেম্বর আয়োজিত এক অনুষ্ঠানে প্রকাশিত হল উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্তের লেখা নতুন বই 'ডিফিউশন-ফর্মালিজম অ্যান্ড অ্যানালিসিস'। বইটি প্রকাশ করেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অধ্যাপক অমর্ত্য সেন। 'কোয়ান্টাম ফিজিক্স'-এর বিভিন্ন দিক অধ্যাপক দত্তগুপ্ত নিজের লেখায় সহজভাবে তুলে ধরার চেষ্টা করেছেন।

বইটির প্রচ্ছদ এঁকেছেন কলাভবনের প্রাক্তন অধ্যক্ষ অধ্যাপক অশোক ভৌমিক। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশিষ্ট বিজ্ঞানী অধ্যাপক বিকাশ সিন্হা।

বিশ্বভারতীতে ব্যাটারি গাড়ি



হরষিত, সাদ্দাম : শান্তিনিকেতনে চালু হল ব্যাটারিচালিত গাড়ি। আশ্রমকে দূষণমুক্ত, পরিষ্কার ও সবুজ করার যে অভিযান শুরু হয়েছে তারই অঙ্গ হিসাবে এই ব্যাটারিচালিত গাড়িটি ব্যবহৃত হবে।

আশ্রম চত্বরের শব্দদূষণ রোধ ও ঐতিহ্যবাহী ভবন এবং মন্দিরের ক্ষয়ক্ষতি রোধ করতে বেঙ্গালুরু থেকে প্রায় দশলক্ষ টাকা ব্যয়ে নিয়ে আসা হয়েছে এই গাড়িটি। নিজের হাতে চালিয়ে এই চোদ্দো আসন বিশিষ্ট গাড়িটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত। তিনি জানান, বিভিন্ন অনুষ্ঠানের সময় বয়স্ক ব্যক্তি, শিশু ও শারীরিক প্রতিবন্ধীদের আশ্রমচত্বরে যাতায়াতের সুবিধার কথা মাথায় রেখে গাড়িটি চালু করা হল।


এল রকি ও সান্ধা

দেবজয়, সীমা : রবীন্দ্রভবনে রাতের অন্ধকারে আবাহিত অনুপ্রবেশকারীদের রুখতে মোতায়ন করা হল রকি ও সান্ধাকে। চন্দনগাছ চুরির ঘটনার পর বিশ্বভারতীর নিরাপত্তা ব্যবস্থা সেলে সাজানোর যে উদ্যোগ নেওয়া হয়েছে তারই অঙ্গ হিসেবে রকি ও সান্ধার আগমন। রকি ও সান্ধার তীব্র ঘ্রাণশক্তি সহজেই শনাক্ত করতে পারবে আবাহিত অনুপ্রবেশকারীদের, বলেন তাদের প্রশিক্ষক গোপাল ব্যানার্জী। 'কম্প্যানিয়ান সেফটি সার্ভিস' নামক কলকাতার একটি নামী সংস্থার থেকে বিশ্বভারতীর নিরাপত্তার স্বার্থে আনা হয়েছে এই দুই প্রহরী কুকুর।

CJMC's International Conference on Crony Journalism

Subhjit, Samhita, Madhumita : 'Crony Journalism' signifies the close relationship, which journalists today share with the governing power of society. As a result of this liaison, many journalists show favouritism instead of conducting reports in an independent manner following journalistic principles and fair play. To address this issue, Centre for Journalism and Mass Communication, Visva-Bharati organized a two-day international conference on 'Crony Journalism: Redefining Journalistic Practices' on 18-19 January.

Vice-Chancellor Prof. Sushanta Dattagupta, bigwigs from the field of media like Mr. P. Sainath, Rural Affairs Editor of 'The Hindu', Paranjay Guha Thakurta, Independent Journalist, Educationist and Media Researcher, Dr. Sundeep Mupiddi, Professor of Communication and Multimedia, Web Design and



Inaugural Session

Photo : Sinchita

Development, School of Communication, University of Hartford, USA were the speakers for the inaugural session. While discussing about the issue of crony journalism, Mr. P.Sainath mentioned that cronyism is gradually changing the ideals of journalism, leaving the media houses at the mercy of the rich elites whose primary motive

remain in promoting their vested interests. Paranjay Guha Thakurta talked about the growing 'friendship' between the powerful politicians and the media barons and how media has compromised its role of being the watchdog of the society.

Researchers from around the world like Dr. Debashis 'Deb' Aikat, University of North

Carolina, Chapel Hill, Dr. Abhijit Majumdar, Illinois University, Avinanda Mukherjee, Boston University and Aadita Chowdhury, Science Editor, Science Borealis, Toronto, Canada enlightened the audience. Notable speakers like Prof. Tapati Basu, Calcutta University, Mr. Snehasish Sur, Doordarshan, Dr. Buroshiva Dasgupta, Media Researcher, Mr. Swapan Mullick, Director, Statesman School of Print Journalism, Kolkata and more than sixty delegates from across the country delivered their addresses on this issue.

The conference concluded with the valedictory session, attended by Dr. D. Gunasekaran, Registrar, Visva-Bharati, Prof. Sanjeev Bhanawat, University of Rajasthan, Prof. Madhusudan Ghosh, Principal, Vidya-Bhavana and Mr. Indrajit Adhikari, Ananda Bazar Patrika, Kolkata.

আর একটি সবুজ বিপ্লবের প্রয়োজন : রাষ্ট্রপতি

সমীর, সাদ্দাম : ক্রমবর্ধমান খাদ্যের চাহিদা মেটাতে দেশে আর একটি সবুজ বিপ্লবের প্রয়োজন বলে মন্তব্য করলেন, রাষ্ট্রপতি প্রণব মুখার্জী। এম এস রিসার্চ ফাউন্ডেশন, রাজীব গান্ধী ন্যাশনাল ইনস্টিটিউট অফ ইউথ ডেভেলপমেন্ট ও বিশ্বভারতীর উদ্যোগে

এবার পঞ্চম জাতীয় যুব বিজ্ঞান কংগ্রেসের আসর বসে, বিশ্বভারতীর নাট্যঘরে। গত ৬ ডিসেম্বর, ২০১৩ জাতীয় যুব বিজ্ঞান কংগ্রেসের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্বভারতীর পরিদর্শক। অনুষ্ঠানের শুরুতেই তিনি প্রয়াত কিংবদন্তী নেলসন ম্যান্ডেলার প্রতি আন্তরিক শ্রদ্ধাঞ্জলি করেন। তিনি বলেন, জীবন ধারণের জন্য খাদ্য মানুষের মৌলিক অধিকার। সবুজ বিপ্লবের ফলে দেশ খাদ্য উৎপাদনের ক্ষেত্রে স্বনির্ভর হয়েছে। সত্তরের দশক পর্যন্ত দেশের অভ্যন্তরীণ খাদ্যের চাহিদা মেটাতে বিদেশ থেকে খাদ্যদ্রব্য আমদানি করতে হত।

বর্তমানে ভারত বিশ্বের মধ্যে চাল ও গম উৎপাদনে প্রথম। তবে দেশের ক্রমবর্ধমান খাদ্যের চাহিদা মেটাতে জনসংখ্যার নিরিখে ভবিষ্যতে খাদ্যের সংকট দেখা দিতে পারে। সেক্ষেত্রে আর একটি সবুজ বিপ্লবের প্রয়োজন। সবুজ বিপ্লবের জনক হিসেবে খ্যাত বিজ্ঞানী এম এস স্বামীনাথনের উদ্দেশ্যে তাঁর অবদানের জন্য ধন্যবাদ জানিয়ে রাষ্ট্রপতি তরুণ বিজ্ঞানীদের দেশের কাজে অগ্রসর হতে আহ্বান জানান। স্বামীনাথন



তাঁর ভাষণে রাষ্ট্রপতির বক্তব্যের সুরে বলেন যে দেশ যুব বিজ্ঞানীদের দিকে তাকিয়ে আছে। তাদের ছাড়া দেশ ও সমাজ এগিয়ে যেতে পারবে না। কৃষিক্ষেত্রে নিত্যানতুন গবেষণা প্রয়োজন। কৃষি উন্নয়নের পাশাপাশি পরিবেশ সংরক্ষণের উপর নজর

দিতে হবে। সাম্প্রতিক মহাকাশ বিজ্ঞানে ভারতের অগ্রগতি ও মঙ্গল অভিযান সফল হওয়ায় দেশ অনেক এগিয়েছে। বিশ্বভারতীর প্রধান ও রাজ্যপাল এম.কে. নারায়ণন আগামী ২০২০ সালের মধ্যে ভারত পৃথিবীর প্রথম দশটি বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে উন্নত দেশের সারিতে চলে আসবে বলে আশা প্রকাশ করেন। উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত কৃষিক্ষেত্রে রবীন্দ্রনাথ ও রবীন্দ্রনাথের অবদানের কথা স্মরণ করিয়ে বিশ্বভারতীর প্রয়াসের কথা উল্লেখ করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন ভারতীয় যুব বিজ্ঞান কংগ্রেসের সহ-সভাপতি এবং এম.এস. স্বামীনাথন রিসার্চ ফাউন্ডেশনের এক্সিকিউটিভ ডিরেক্টর ডঃ অজয় পারিডা, রাজীব গান্ধী ন্যাশনাল ইনস্টিটিউট

অফ ইউথ ডেভেলপমেন্টের সহ-সভাপতি সি. আর. কেশভন এবং এস.আর.এস বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ এম. পোন্নাভাইকো। ভারতীয় বিজ্ঞান যুব কংগ্রেসের পক্ষ থেকে ডঃ এম পরশুরামন সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন। দেশের বিভিন্ন প্রান্ত থেকে আসা প্রায় ৬০০ যুব বিজ্ঞানী ও বিজ্ঞানের ছাত্র-ছাত্রীরা ৪ দিন ব্যাপী এই বিজ্ঞান কংগ্রেসে অংশগ্রহণ করেন।

ছবি : সিজিএমসি ফাইল

নতুনভাবে সাজছে ডি.এম হাসপাতাল

মৌলি, অভিজিৎ, জ্যোতীন : নতুনভাবে সাজে উঠছে দীনবন্ধু অ্যাড্জুজ মেমোরিয়াল হাসপাতাল। শান্তিনিকেতন ট্রাস্টের উদ্যোগে ইতিমধ্যেই হাসপাতালটির পুনর্নির্মাণে বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে। তপশিলি জাতি-উপজাতি ও গরীবদের স্বার্থে নির্মিত এই হাসপাতালের ভিত্তি প্রস্তর স্থাপন করেন মহাত্মা গান্ধী। গরীব দরদী অ্যাড্জুজ সাহেবের নামের সঙ্গে জড়িয়ে রয়েছে এর ইতিহাস। শ্রীনিকেতনের পল্লী সম্প্রসারণ বিভাগ-এর উদ্যোগে ইতিমধ্যেই নিযুক্ত

হয়েছেন একজন চিকিৎসক। পুনর্নির্মাণের কাজ শেষ হলে আরও কয়েকজন অভিজ্ঞ চিকিৎসক নিযুক্ত করা হবে। ট্রাস্টের সম্পাদক অনিল কোনার জানিয়েছেন, মূলত তপশিলি জাতি ও উপজাতি এবং গরীবদের জন্যেই এই হাসপাতালটির পুনর্নির্মাণ করা হচ্ছে। এই কাজ আগামী বছরের মধ্যেই শেষ হবে। এই হাসপাতালের স্বাস্থ্য পরিষেবা উন্নত করার জন্য 'ইউনিসেফ'-এর মতো আন্তর্জাতিক সংস্থাগুলিকে যুক্ত করার কথা ভাবা হয়েছে।

কিতকিত, সাতগুটি টেকাতে গবেষণা কেন্দ্র

স্নেহাশীষ, সাদ্দাম : কিতকিত, সাতগুটি, গদাযুদ্ধের মতো প্রাচীন খেলাগুলিকে টিকিয়ে রাখার উদ্যোগ নিল বিশ্বভারতী। এই উদ্দেশ্যে ট্রাডিশনাল স্পোর্টস এন্ড মডার্ন স্পোর্টস ফর দ্য ডেভেলপমেন্ট অফ গ্লোবাল হিউম্যান রিসোর্স শীর্ষক এক আলোচনাসভার আয়োজন হয় গত ৭-৯ ফেব্রুয়ারি। প্যান এশিয়ান স্পোর্টস এবং বিশ্বভারতীর শারীরশিক্ষা বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত এই আলোচনাক্রেম বিশ্বের বিভিন্ন দেশের

ক্রীড়া বিশেষজ্ঞরা অংশ নেন। সেখান থেকেই উঠে আসে ঐতিহ্যবাহী খেলাগুলি টিকিয়ে রাখার জন্য বিশ্বভারতীতে গবেষণাকেন্দ্র গড়ে তোলার প্রস্তাব। এছাড়াও খেলাধুলার মানোন্নয়নে বিভিন্ন দেশের সঙ্গে মৌ-স্বাক্ষরের কথা আলোচিত হয়। এই আলোচনাসভায় চীন, অস্ট্রেলিয়া, দক্ষিণ-কোরিয়া, ইরান, তাইওয়ান, জর্ডন, আলজিরিয়া, ইরাক সহ বিশ্বের ১৪টি দেশের ৩৫ জন প্রতিনিধি অংশ নেন।

(এরপর চারের পাতায়)

বসন্ত উৎসব আবার ফিরলো গাছে ঘেরা আশ্রম মাঠে

পিউ, দীপ্তি, নবমিতা : ভিড়ের চাপ এড়াতে গতবার বসন্ত-উৎসব পালন করা হয়েছিল পৌষ মেলার মাঠে। প্রায় সাড়ে তিন লক্ষ লোকের সমাগম হলেও জায়গার অভাব হয়নি। তবে চড়া রোদ, গাছপালা বিহীন রক্ষ মাঠে বসন্ত উৎসব হয়ে উঠতে পারেনি বর্ণময়। তাই বসন্ত উৎসবের রঙ ফিরিয়ে আনার জন্য এই উৎসবকে আবার ফিরিয়ে আনা হচ্ছে নিম, পলাশ, জারুল, দেবদারু-তে ঘেরা আশ্রম মাঠে। উপাচার্যের ভাষায়, বসন্তের সময় প্রকৃতিতে নতুন প্রাণের ছোঁয়া লাগে। রবীন্দ্রনাথ চেয়েছিলেন প্রতিটি উৎসবে প্রকৃতি ও মানুষের মধ্যে সম্পর্কে প্রতিষ্ঠা করতে এবং তারই সাথে প্রকৃতির ভারসাম্যকে রক্ষা করতে। গত বছর বসন্ত উৎসবের সময় পর পর তিন দিন ছুটি থাকায় ভিড়ের চাপ বাড়বে, এই আশঙ্কাতেই আশ্রম মাঠ থেকে উৎসব সরিয়ে নিয়ে যাওয়া হয়েছিল পৌষ-মেলার মাঠে। গতবারের সিদ্ধান্ত যে ঠিক ছিল তা বুঝতে অসুবিধা হয়নি কারোর। বড় মাঠে উপচে

পড়া ভিড়ে ছোটো খাটো বিশৃঙ্খলা হলেও ঘটেনি কোনো দুর্ঘটনা। বার-বার ভিড়ের কারণেই বসন্ত উৎসবের স্থান পরিবর্তন হয়েছে। প্রথম ১৯০৭ খ্রীষ্টাব্দে বসন্ত উৎসব হয়েছিল 'আদি কুটির' ক্রমে এই উৎসবের জনপ্রিয়তা বাড়ার সাথে সাথে বাড়তে লাগে। ১৯২২ খ্রীষ্টাব্দে 'আশ্রমক্ষেত্র' সরিয়ে নিয়ে যাওয়া হয় এই উৎসবকে। ঠিক একই কারণে আশ্রমক্ষেত্র থেকে কিছু বছর পর বসন্ত উৎসব সরিয়ে গৌরপ্রাঙ্গণে নিয়ে আসার মুলেও ছিল ভিড়ের চাপ। বারবার উৎসবের স্থান পরিবর্তন হলেও, অপরিবর্তিত রয়েছে অনুষ্ঠানসূচি। প্রতিবারের মতোই উৎসবের আগের দিন রাতে অনুষ্ঠিত হয় 'বৈতালিক'। আজ উৎসবের দিন সকালে বৈতালিক ও "ওরে গৃহবাসী" গানের তালে তালে কাঠি নাচের মধ্য দিয়ে শুরু হয় অনুষ্ঠান।

ছবি : শুভজিৎ

Editorial

সালিশি সভাকে উন্নত করার দাবী

গণতন্ত্রের শেষকথা ভোট, ভোটের শেষকথা সংখ্যাধিক্য মানুষের সমর্থনে জেতা। সংখ্যাধিক্যের ভোটে জেতা রাজনৈতিক দল-ই গড়ে সরকার। স্বাভাবিকভাবেই সমষ্টিগত অন্যান্য প্রশ্নে পায় রাজনৈতিক দলগুলির কাছে। লাভপূরের সুবলপুরে 'গণধর্ষণের' ঘটনা তার ব্যতিক্রম নয়। অভিযোগ, আদিবাসী অধ্যুষিত সুবলপুর গ্রামে ভিন্ন সম্প্রদায়ের এক যুবককে ভালবাসার অপরাধে এক আদিবাসী তরুণীকে গ্রামে সালিশি সভায় 'গণধর্ষণের' নিদান দেওয়া হয়। যদিও এধরণের ঘটনা রাজ্যে তো প্রথম নয়, বছর পাঁচেক আগে রামপুরহাটের বটগ্রামে, সুবলপুরের পাশের গ্রামে, এই ধরণের নিদানের প্রমাণ রয়েছে। 'গণধর্ষণের' নিদান অভিনব হলেও কোথাও তরুণীকে নগ্ন করে গ্রামে ঘোরানো, কোথাও বিবস্ত্র করে নারীপুরুষ দুজনকেই গাছে বেঁধে খুন করার ঘটনা ঘটেছে। কিন্তু সংখ্যাধিক্য আদিবাসীকে এর প্রতিবাদে সেই অর্থে মুখের হতে দেখা যায়নি। রাজনৈতিক দলগুলি সংখ্যাধিক্য আদিবাসীদের ভোট হারাবার ভয়ে সেই অর্থে আন্দোলন গড়ে তোলেনি। সুবলপুরের ঘটনাও ব্যতিক্রম নয়। সংবাদমাধ্যমে হইচই, আদালতের ঝঁশিয়ারি সত্ত্বেও টিভির পর্দায় প্রতিবাদী মুখ দেখিয়েই ক্ষান্ত হয়েছেন রাজনীতিবিদরা। উল্টোদিকে আদিবাসী সমাজ 'গণধর্ষণের' নিদানের কথা অস্বীকার করে সালিশি সভার পক্ষেই রায় দিয়েছেন। তাই ঘটনা ঘটান পর পতাকা হাতে আন্দোলন কিংবা মোমবাতি মিছিল করেই সমস্যা মিটেবে না। চাই ঘটনার সময়ই প্রতিবাদ করার মানসিকতা, যারমধ্যে দিয়ে গড়ে উঠবে প্রতিরোধ। সালিশিসভা নিষিদ্ধ করলেই এই ঘটনা ঘটবে না তার নিশ্চয়তা নেই। মাথায় রাখতে হবে আদিবাসী সংস্কৃতির অঙ্গ হয়ে যাওয়া এই সালিশিসভা বন্ধকে কেন্দ্র করে যেন আদিবাসীরা বিপথগামী না হয়ে পড়েন। সুবলপুরের ঘটনাকে কেন্দ্র করে বিভিন্ন আদিবাসী সংগঠনের মিটিং-মিছিল অন্তত সেইরকম ইঙ্গিত দিয়েছে। ওর-ই মধ্যে ব্যতিক্রম 'মাঝি হাডাম' (মোড়ল) দের নিয়ে এক কর্মশালা, যাতে উঠে এসেছে বাস্তবোচিত প্রস্তাব। আধুনিক শিক্ষা ও প্রযুক্তিকে ব্যবহার করে সালিশিসভাকে করতে হবে উন্নত। যথাযথ শিক্ষার বিস্তার যতদিন না বাস্তবায়িত হচ্ছে, ততদিন সাপ মেরে লাঠি না ভাঙার কৌশলকেই স্বাগত জানাতে হবে আমাদের।

Magh Mela 2014

Seema, Debdut : Like every year, *Sriniketan Utsav* was organized to mark the anniversary of *Sriniketan* from 6-8 February, where people participated in large numbers. *Sriniketan Utsav* is also popularly known as *Magh Mela*. The chief guest for the inauguration of the fair was Dr. Martin Kaempchen, a renowned researcher on Tagore. Prof. Sabujkoli Sen, Director, Studies Educational Innovations and Rural Reconstruction, Prof. Amit

Hazra, Principal, Palli Samgathana Vibhaga and many other faculty members of different departments were present in the programme. This fair is a rural handicrafts fair which reveals Tagore's idea about development and reconstruction of village life. Prof. Sabujkoli Sen in her speech said that Sriniketan still preserves the importance of Tagore's idea related to this place and it is our duty to continue doing so.

Padma Award for VC

Subhrajee, Swagata : Vice-Chancellor Prof. Sushanta Dattagupta has been selected for the prestigious *Padmashree* award for this year. On the eve of the 65th Republic Day, his name was announced by the Govt. of India as one of the *Padmashree* recipients in the field of Science and Engineering.

Professor Dattagupta was selected for this award for his

invaluable contribution to the field of science for forty long years.

In an interview he said, "I have been working in the field of science for forty long years and at present I am the Vice-Chancellor of Visva-Bharati. I want to share my honour with the whole university and the people I have worked with for the last forty years".

আবার এল বসন্ত, পাতাগুলো সব ঝরে পড়ছে ইতিউতি, আমলকির পাতা থেকে ছুটি নিল উত্তরে বাতাস। আকাশে বাতাসে রঙের খেলা... কৃষ্ণচূড়া, পলাশ রঙিন করছে আমাদেরও... আমরা CJMC Family...

পরীক্ষার Operation Theatre থেকে বেরিয়ে পৌষমেলার প্রাঙ্গণে ঝলমুড়ি-ফুচকা-ভেলপুরি চাট ফিরিয়ে দিল প্রাণের অঙ্গিভেদ। শীত সকালের আলসেমিকে এক ঝটকায় উড়িয়ে দিল শান্তিবাড়ির সানাই, বৈতালিকের সুর। প্রথম দিনেই তাক লাগালো ফ্যামিলির Member-রা। কিভাবে? আরে একইরকম T-Shirt গায়ে ঘুরে বেড়িয়ে। তাই দেখে Interview নিতে ছুটে এল News Channel, বাজি পোড়ানো আর আতসবাজির রোশনাই, Just ফাটাফাটি। ক'জন তো প্রথমবার নাগরদোলায় চেপে আস্বহারা। ধুতি-পাঞ্জাবি আর শাড়িতে Christmas COCKTAIL Celebration বেশ অন্যরকম। মেলার আমেজ পাড়ি দিলাম ওড়িয়ার সমুদ্র সৈকতে। চিঙ্কার হুদে সমবেত ভজন- Its Awesome... ফেরার দুঃখ ভুলিয়ে দিল জনশতাব্দীর জনকোলাহল। এরই ফাঁকে একজন তো Feature Film এর Shooting-টাও সেরে নিল। ফিরতে না ফিরতেই Text Msg পেলাম— International Conference-এর Meeting !!! টানা ক'দিনের দিনভর ব্যস্ততা পূর্ণতা পেল নক্ষত্র সমাবেশে। সাথে বেড়ে গেল ফ্যামিলির Unity। ধুতির কৌচা সামলানো সেকি ঝামেলা! একের পর এক Flash এর বলকানিতে লিপিকা যেন একটা ফ্রেমে পরিণত হল। Valedictory Session-এ আমাদের Traditional সাধু...সাধু...রবে অভ্যাগতরা তো রীতিমত অবাক।

কনফারেন্স শেষ হতে না হতেই অনেকে মিলে একসঙ্গে ম্যাগসেসে পুরস্কার বিজয়ী সাংবাদিক পি. সাইনাথ-এর 'Faces of India' কর্মযজ্ঞে ঝাঁপিয়ে পড়া !!! আমরা সাংঘাতিক খুশি এবং গর্বিত এই সুযোগ পাওয়ার জন্য। এখন মুখিয়ে আছি কিছু 'রঙিন মুহূর্তের' জন্য। আজ বসন্ত উৎসব। চলো সবাই মিলে মেতে উঠি এই 'Festival of Colours'-এ।

দীপঙ্কর স্মারক বক্তৃতায় অর্মত্য সেন

শুভজিৎ, সীমা : বিশ্বভারতীর পদার্থবিদ্যার প্রাক্তন অধ্যাপক দীপঙ্কর চ্যাটার্জীর স্মরণে আয়োজিত বক্তৃতায় সমাজ-বিজ্ঞান ও সাধারণ বিজ্ঞানের মধ্যে দ্বন্দ্বের কথা তুলে ধরলেন নোবেলজয়ী অর্থনীতিবিদ অর্মত্য সেন। সহপাঠীর স্মারক বক্তৃতায় বলতে গিয়ে তাঁদের স্কুল জীবনের কথাও উঠে আসে অধ্যাপক সেনের কথায়।

বক্তৃতায় তিনি বলেন যে, সাধারণ বিজ্ঞান ও সমাজ বিজ্ঞানের মধ্যে সবসময় একটি বিরোধ দেখা যায়। তাঁর মতে, সমাজ-বিজ্ঞান সব সময়ই

সাধারণ বিজ্ঞানের উপর প্রভাব বিস্তার করতে চায়। সমাজ বিজ্ঞানের মতে, প্রকৃতি আমাদের জন্য। আমরা প্রকৃতিকে যেভাবে ইচ্ছা ব্যবহার করতে পারি। কিন্তু সমাজ বিজ্ঞানের এই তত্ত্ব সাধারণ বিজ্ঞান মানতে না চাইলেই ঘটতে থাকে সংঘাত। এছাড়াও তিনি অর্থনীতি কিভাবে রাজনীতির উপর প্রভাব বিস্তার করে সে কথাও তুলে ধরেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিজ্ঞানী বিকাশ সিন্হা এবং বিশ্বভারতীর উপাচার্য।

রাজভবনে নোবেল প্রাপ্তির শতবর্ষ উদ্‌যাপন

সুপর্ণা, ঋতি : সালটা ১৯১৪। ২৯ জানুয়ারি কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার রাজভবন থেকে গ্রহণ করেছিলেন নোবেল পদক। তৎকালীন গভর্নর লর্ড কারমাইকেল কবিগুরুর হাতে তুলে দিয়েছিলেন পদকটি। এ বছর তারই শতবর্ষপূর্তি উদ্‌যাপন করল রাজভবন। এ অনুষ্ঠানের উদ্যোগ নিয়েছিলেন পশ্চিমবঙ্গের রাজ্যপাল তথা বিশ্বভারতীর প্রধান এম.কে. নারায়ণন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত, রবীন্দ্রভারতীর উপাচার্য অধ্যাপক সব্যসাচী বসু রায়চৌধুরীসহ

বিশিষ্টরা। সঙ্গীত ভবনের তৎকালীন অধ্যক্ষ ইন্দ্রানী মুখোপাধ্যায়ের নেতৃত্বে ছাত্র-ছাত্রীদের রবীন্দ্রসঙ্গীত ও নৃত্য পরিবেশন অনুষ্ঠানটিকে পূর্ণতা দেয়।

১৯১৩ সালের ১৩ নভেম্বর সাহিত্যে গুরুদেবের নাম নোবেল পদকের জন্য নির্বাচিত হয়। কবিগুরুর নোবেল পদক প্রাপ্তির কথা ঘোষণার পর জামাতা নগেন্দ্রনাথ গঙ্গোপাধ্যায় টেলিগ্রামে এ খবর শান্তিনিকেতনে কবিগুরুকে জানিয়েছিলেন। টেলিগ্রাম পাওয়ার কিছুদিন পর ২৯ জানুয়ারি রবীন্দ্রনাথ কলকাতায় রাজভবনে গিয়ে নিয়েছিলেন পদকটি।

বিশ্বভারতীর ৪৮তম সমাবর্তন উৎসব

নবমিতা : রবীন্দ্রনাথের আদর্শকে সামনে রেখে বিশ্বভারতীর ঐতিহ্য ও হাত গৌরবকে পুনরুদ্ধার করতে হবে। চার দেওয়ালের মধ্যে জ্ঞানকে আটকে রাখলে চলবে না। তা ব্যবহার করতে হবে মানুষের কল্যাণে। বিশ্বভারতীর ৪৮তম সমাবর্তন উৎসবের দীক্ষান্ত ভাষণে বললেন প্রধান অতিথি রাষ্ট্রপতি তথা বিশ্বভারতীর পরিদর্শক প্রণব মুখার্জী। ভাষণে তিনি বিশ্বভারতীর স্বতন্ত্রতার কথা সবাইকে স্মরণ করিয়ে দেন। রাষ্ট্রপতি ছাড়াও সমাবর্তন

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্বভারতীর প্রধান ও রাজ্যপাল এম.কে. নারায়ণন এবং উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত।

এবারের সমাবর্তন উৎসবে যে ৬ জনকে দেশিকোত্তম দেওয়া হয়, তাঁরা হলেন মহাকাশ বিজ্ঞানী ড: কৃষ্ণস্বামী কস্তুরীরঙ্গন, ভূটানের প্রাক্তন রাজা জিগমে সিংঘে ওয়াচুক, চীনের রবীন্দ্র গবেষক তান চুং, কিংবদন্তী সঙ্গীত শিল্পী মান্না দে, চলচ্চিত্র নির্মাতা আদুর গোপালকৃষ্ণন ও মায়ানমারের নেত্রী আং সাং সু কি। যে সাতজন শিল্পীকে

শ্রেয়সীর আনুষ্ঠানিক প্রকাশ

দেবজয়, স্নেহাশীষ : রবীন্দ্র স্মৃতিবিজড়িত 'শ্রেয়সী' পত্রিকা-র আনুষ্ঠানিক প্রকাশ হল ২৩ ডিসেম্বর। ১৯১৬ সালে 'আলাপিনী মহিলা সমিতি' কর্তৃক প্রকাশিত এই সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক পত্রিকা প্রসঙ্গে সমিতির সম্পাদিকা জয়ন্তী ঘোষ বলেন গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুরের তত্ত্বাবধানে মহিলাদের দ্বারা পরিচালিত এই পত্রিকা দীর্ঘ বাধা বিপত্তি ও সংগ্রামের পথ অতিক্রম করে আজও অপ্রতিরোধ্য। বিশ্বভারতীর উপাচার্য এই পত্রিকা প্রকাশে সাহায্যের হাত বাড়িয়ে দেওয়ায় স্বভাবতই খুশির হাওয়া সমিতির অন্দরমহলে।

গগন অবনী পুরস্কারে ভূষিত করা হয় তাঁরা হলেন পদ্মশ্রী জগদীশ মিতল, গনেশ হালুই, লক্ষ্মী গৌড়, নিলীমা শেখ, সুহাস রায়, হিম্মত শাহ ও বিভান সুন্দরম। উপস্থিত প্রাপকদের হাতে বিশ্বভারতীর প্রধান এম.কে. নারায়ণন মানপত্র তুলে দেন। মান্না দে মেয়ে সুমিতা দেবী উপস্থিত থেকে বাবার মরণোত্তর দেশিকোত্তম গ্রহণ করেন। বিশ্বভারতীর ১৮৫৯ জন স্নাতক, স্নাতকোত্তরদের সপ্তপর্ণী দেন উপাচার্য সুশান্ত দত্তগুপ্ত।

আন্তর্জাতিক নারী দিবস

পিউ, শুভজিৎ : বিশ্বভারতীর উইমেন্স স্টাডিজ সেন্টার ও রবীন্দ্রভবনের যৌথ উদ্যোগে ৮ মার্চ নারী দিবসে আয়োজিত হল 'সবলা' শীর্ষক একটি আলোচনাচক্র। উদয়নে আয়োজিত এই অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন এস.ই.আই.আর.আর-এর অধিকর্তা অধ্যাপিকা সবুজকলি সেন। উপস্থিত ছিলেন রবীন্দ্রভবনের অধ্যক্ষা অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায়, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা শ্রাবণী পাল ও বিশ্বভারতীর বাংলা বিভাগের প্রাক্তন অধ্যাপিকা যুথিকা রায় প্রমুখ। উক্ত অনুষ্ঠানে সাংবাদিকতা ও গণজ্ঞাপন কেন্দ্রের ছাত্রীরা 'আমিই সেই' নামক একটি বিশেষ অনুষ্ঠান পরিবেশন করে। বিভিন্ন কবিতার মধ্যদিয়ে বিভিন্ন সময়ের কিছু বিশেষ নারী চরিত্রকে কেন্দ্র করেই ছিল সি.জে.এম.সি-র ছাত্রীদের এই অভূতপূর্ব পরিবেশনা।

বৌদ্ধ ধর্মের প্রভাব

মৌলী : ব্যবহারিক জীবনে বৌদ্ধধর্মের প্রভাবে মানুষের জীবনে আসবে শৃঙ্খলা, ভ্রাতৃত্ববোধ ও প্রেম। এমনটাই মনে করেন বৌদ্ধধর্মাবলম্বীরা। এই ভাবনার কথাই উঠে এলো গত ১৪ ফেব্রুয়ারি বিশ্বভারতীতে বি.আর. আশ্বদেবকর সেন্টার ফর বুদ্ধিস্ট স্টাডিজ আয়োজিত এক কর্মশালায়। বুদ্ধদেবের শাস্তির ভাবনা বিশ্বকে নতুন ভাবে পথ দেখাবে বলে বিশিষ্ট বক্তারা অভিমত প্রকাশ করেন এই কর্মশালায়।

নেহরুর ১২৫তম জন্মবার্ষিকী পালন


শুভজিৎ, সংহিতা : বিশ্বভারতীর প্রথম আচার্য ও ভারতের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত জওহরলাল নেহরুর ১২৫তম জন্মবার্ষিকী সারাভারতের ধরে পালন করবে বিশ্বভারতী। গত ১৪ নভেম্বর উত্তরায়ণ প্রাঙ্গণে নেহরু স্মারক বক্তৃতার মধ্য দিয়ে এর সূচনা হয়। ইন্দিরা গান্ধী কেন্দ্র, সাংবাদিকতা ও গণজ্ঞাপন কেন্দ্র এবং কর্মমণ্ডলীর যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন লোকসভার প্রাক্তন অধ্যক্ষ সোমনাথ চ্যাটার্জী, জাপানের কনসাল জেনারেল মিৎসুয়ো কাওয়াগুচি, দিল্লীর নেহরু মিউজিয়ামের প্রাক্তন অধিকর্তা অধ্যাপিকা মৃদুলা মুখার্জী, বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত। ইন্দিরা গান্ধী কেন্দ্রের অধিকর্তা অধ্যাপিকা অরুণা মুখার্জী জানান যে, সারা বছর ব্যাপী নেহরু স্মারক বক্তৃতা,

প্রবন্ধ প্রতিযোগিতার মধ্য দিয়ে স্মরণ করা হবে আমাদের প্রথম আচার্যকে। সোমনাথ চ্যাটার্জী তাঁর বক্তৃতায় নেহরু সমাজ সংস্কারক হিসাবে যে ভূমিকা পালন করেছিলেন তার কথা তুলে ধরেন। অধ্যাপিকা মৃদুলা মুখার্জীর বক্তব্যে উঠে আসে নোয়াখালি ও বিহারের দাঙ্গার সময় নেহরু যে ধর্মনিরপেক্ষ ভূমিকা নিয়েছিলেন তার কথা। কাওয়াগুচির ভাষণে জাপান ও ভারতের মৈত্রীর সম্পর্কের ক্ষেত্রে নেহরুর ভূমিকার কথা উঠে আসে। উপাচার্য বলেন- নেহরু বিশ্বভারতীর আধ্যাত্মিক শিক্ষাব্যবস্থার প্রতি যথেষ্ট শ্রদ্ধাশীল ছিলেন। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে ছিল পাঠভবনের ছাত্র-ছাত্রীদের সাংস্কৃতিক অনুষ্ঠান। তাদের এই প্রয়াস সমগ্র অনুষ্ঠানটিকে একটি আলাদা মাত্রা দেয়।

New Bhasha-Vidya Bhavana

Seema, Dipti : The new Bhasha-Vidya Bhavana was inaugurated by the respected Visitor of Visva-Bharati, Mr. Pranab Mukherjee, President of India on 7 December 2013.

Other guests present in the inaugural programme were Visva-Bharati's Rector, Honourable Governor of West Bengal, M.K. Narayanan, Prof. Sushanta Dattagupta, Vice-Chancellor, Visva-Bharati, Prof. Madhusudan Ghosh, Principal, Vidya-Bhavana and Prof. Rameshwar Prasad Mishra, Principal, Bhasha-Bhavana. The new building was planned and constructed under the guidance and supervision of CPWD (Central Public Works Department). In accordance with the vision to promote equal opportunity to all, the building has facilities like ramp, elevator etc. for the differently abled. The new building has many facilities like an internal library, common-rooms, several seminar halls for the students. Very soon, the departments of both the bhavanas will shift to this new building.



A book entitled 'Voice of Social Media in Democracy-An Anthology' edited by Dr. Mausumi Bhattacharyya, Head, CJMC was released on 18 January 2014 by Vice-Chancellor Prof. Sushanta Dattagupta in presence of P. Sainath, The Hindu. This book has been published by Granthana Vibhaga, Visva-Bharati.

সংবাদ মাধ্যমকে মানুষের প্রতি দায়বদ্ধ হতে আহ্বান জানালেন সাইনাথ

দেবজয়, সমীর : সংবাদ মাধ্যমকে আরো স্বচ্ছ ও দেশের মানুষের প্রতি দায়বদ্ধ হতে বললেন ম্যাগসেসে পুরস্কার প্রাপ্ত সাংবাদিক পি.সাইনাথ। বিশ্বভারতীর সাংবাদিকতা এবং অর্থনীতি ও রাজনীতি বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত এক বিশেষ বক্তৃতায় তিনি একথা বলেন।

“স্লামডগ ভার্ভেস মিলিওনিয়ারস - ইনইকুয়ালিটি অ্যাণ্ড অ্যাগ্রেশিয়ান ক্রাইসিস ইন ইণ্ডিয়া” শীর্ষক বক্তৃতায় তিনি সংবাদ মাধ্যমের পক্ষপাতিত্বমূলক সংবাদ ও দেশের বর্তমান অর্থনৈতিক ও সামাজিক অচলাবস্থা বিশ্লেষণ করে সংবাদ মাধ্যমকে আরো সৎ ও নীতিনিষ্ঠ হওয়ার আহ্বান জানান। তিনি বলেন এদেশের কৃষকের আত্মহত্যার খবর এড়িয়ে সাংবাদিকদের অধিকাংশই ‘ফ্যাশন শো’-র মত খবর নিয়েই ব্যস্ত থাকেন। মহারাষ্ট্রের বিদর্ভসহ দেশের নানা প্রান্তে

ধারাবাহিক কৃষক আত্মহত্যার প্রসঙ্গ এনে তিনি বলেন এদেশের অর্থনৈতিক ভিত্তি কৃষকের আর্থিক অবস্থার উপর নির্ভরশীল হওয়া সত্ত্বেও সরকারি উদাসীনতায় কৃষকরা আত্মহত্যা করতে বাধ্য হন।

দীর্ঘ তিন দশক ভারতের বিভিন্ন রাজ্যের গ্রামীণ এলাকা পরিদর্শনের অভিজ্ঞতা থেকে কৃষকদের দুরবস্থা ও দুর্দশার কথা তিনি তুলে ধরেন। অর্থনৈতিক মেরুকের কুপ্রভাবগুলি থেকে বিশ্বে যেভাবে টালমাটাল পরিস্থিতি তৈরি হয়েছে সে ব্যাপারে সবাইকে সতর্ক থাকার পরামর্শ দেন। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত। বক্তব্যের শেষে শ্রোতাদের প্রশ্নের বিশ্লেষণমূলক আলোচনা করেন সাইনাথ।

ভারত-চীন-হাঙ্গেরি সুসম্পর্কের সেতুবন্ধন

দেবজয়, পিউ : ভারত-চীন ও হাঙ্গেরির মধ্যে সুসম্পর্ক স্থাপনে গুরুত্ব দেওয়া হল রবীন্দ্রনাথ ঠাকুরের নোবেল প্রাপ্তির শতবর্ষ উদ্‌যাপনের সমাপ্তি অনুষ্ঠানে। ১৪ নভেম্বর বিশ্বভারতীর চীনা ভবনে আয়োজিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন হাঙ্গেরির বিদেশমন্ত্রী জানুস মারতোনি, চীনের রবীন্দ্রগবেষক অধ্যাপক তান চুং, বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত। হাঙ্গেরির বিদেশমন্ত্রী তাঁর বক্তব্যে ভারত ও হাঙ্গেরির সম্পর্কের ভিত আরো শক্ত করার কথা বলেন। অধ্যাপক তান চুং ভারত ও চীনের মধ্যে পারস্পরিক সম্পর্ক আরো সুদৃঢ় করার ক্ষেত্রে রবীন্দ্রনাথের প্রাসঙ্গিকতার কথা উল্লেখ করেন।

অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত বলেন এই তিন দেশের সুসম্পর্কের ক্ষেত্রে গুরুদেবের চিন্তাভাবনা ও সাহিত্য বিশেষ ভূমিকা নিয়েছিল। রবীন্দ্রনাথের বিশ্বাত্মত্ববোধকে পাঠ্য করে আন্তর্জাতিক সংহিতিকে সুদৃঢ় করার কথা বলেন অন্যান্য বক্তারা।

Special Lecture on Journalistic Ethics

Samhita, Subhajit: Renowned Journalist, Mr. Hiranmay Karlekar, delivered a special lecture on Journalism, Ethics and Contemporary India. It was organized by the Centre for Journalism and Mass Communication, Visva-Bharati on 19 December 2013. The session was presided over by Prof. Sushanta Dattagupta, Vice-Chancellor, Visva-Bharati. Highlighting the 3 C's of journalism - Character, Conviction and Courage Mr. Karlekar enlightened the audience on the existing ethical value and morals of journalism in India. Though his deliberation, he described his journey as a journalist in an interesting manner. The discussion came to an end with interaction and a brilliant summary by the Vice-Chancellor.

বৈদিক শিক্ষার অগ্রগতি

সুস্মিতা, কৃষ্ণ, বিয়াস : সাম্প্রতিক বৈদিক শিক্ষা সম্প্রসারে বিশ্বভারতীর সংস্কৃত পালি এবং প্রাকৃত ভাষা বিভাগ ও মহর্ষি সন্দীপনী রাষ্ট্রীয় বেদ বিদ্যা প্রতিষ্ঠানের (এম.এস.আর.ভি.ভি.পি) যৌথ উদ্যোগে ১৩-১৫ ফেব্রুয়ারি আয়োজিত হল “বৈদিক ইন্টার-প্রিটেনসনস: ট্রেণ্ড অ্যান্ড টেকনিক” শীর্ষক জাতীয় আলোচনা সভা। বৈদিক শিক্ষায় উৎসাহী ছাত্র-ছাত্রী ও লেখক লেখিকাদের এককালীন পাঁচশো টাকা ভাতা দেবে মহর্ষি সন্দীপনী রাষ্ট্রীয় বেদ বিদ্যা প্রতিষ্ঠান এমনটাই জানিয়েছেন ওই প্রতিষ্ঠানের সম্পাদকমন্ডলীর সদস্য অধ্যাপক রূপকিশোর শাস্ত্রী। সভার মূল আলোচ্য বিষয়গুলি ছিল বৈদিক ব্যাখ্যা, দার্শনিক সূত্র, মন্ত্রপাঠ পদ্ধতি, সংবাদ সূত্র।

Seminar on Environmental Issues

Mrittika : Center for Environmental Studies, Visva Bharati in collaboration with the Institute of Public Health Engineers (IPHE), India organized a national seminar on 22-23 November, 2013.

The then Principal of Shiksha Bhavana, Prof. S.N Roy welcomed the guests. Mr. A.K Sanyal, Chairman, Bio Diversity Board, Calcutta and Prof. Sabujkoli Sen, Director, SEIRR, Visva-Bharati and other teachers and students were present in the session.

IPHE, established on 1972 is the premier organisation in protection, conservation and management of the environment, mainly ‘Environmental Pollution’ and ‘Public Health’. Invaluable inputs from the participants made the event successful.

বিশ্বভারতীতে প্রথম বিশ্ব দর্শন দিবস

দীপ্তি : গত ২১ নভেম্বর প্রথমবার বিশ্ব দর্শন দিবস পালন করা হল বিশ্বভারতীর দর্শন বিভাগে, এমনটাই জানালেন দর্শন বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক মহঃ সিরাজুল ইসলাম। এই বিশেষ দিনটিতে ‘স্বামী বিবেকানন্দ ইন রিসার্জেনেস অফ ইন্ডিয়ান কালচার এন্ড ন্যাশনাল ইউনিটি’ এই বিষয়ের উপর একটি আলোচনা সভার আয়োজন করা হয়। এই আলোচনা সভার প্রধান অতিথি ছিলেন রামকৃষ্ণ মিশন সেন্টিনারি কলেজের অধ্যক্ষ স্বামী কমলাস্বন্দ, রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য অধ্যাপক করুণাসিন্দু দাস, বিশ্বভারতীর রবীন্দ্রভবনের অধিকর্তা অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায়, কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন অধ্যাপক স্বপন ভট্টাচার্য প্রমুখ। স্বামী বিবেকানন্দের মতো মনীষীর চিন্তাধারার পুনঃঅভ্যুত্থান খুবই জরুরি বলেই মন্তব্য করেন বক্তারা।

Seminar on Agriculture & Bio-Security

Debdut, Ayanti, Krishna : A national seminar on ‘Agriculture and Bio-Security in Changing Scenario’ was organized by the Department of Agronomy, Soil science, Agricultural Engineering, Plant Physiology and Animal Sciences on the auspicious occasion of the 125th birth anniversary of Rathindranath Tagore from 1-3 Feb.

Prof. P.Munsi, Principal, Palli Siksha Bhavana welcomed the guests and audience. The Vice-Chancellor of W.B University of Animal Husbandry and Fishery Sciences, Prof. C.S.Chakraborty, Dr. Debabrata Dasgupta, Ex-Vice Principal of Bidhan Chandra Krishi Visva Vidyalaya, Nadia and Prof. Sabujkoli Sen, Director, SEIRR were present in the programme.

Tagore, Poetry and Poetics

Seema, Priya : Department of English and Other Modern European Languages (DEOMEL), Visva Bharati organized an international conference on ‘Beyond Gitanjali: Tagore, Poetry and Poetics’ from 14-16 Feb emphasizing on Tagore’s poetry from 1914 to 1941.

At the inaugural session Prof. Tapati Mukherjee, Director, Culture and Cultural Relations, Visva-Bharati and Adhyaksha, Rabindra-Bhavana while welcoming the guests said “Rabindranath cannot be confined within the periphery of Gitanjali. There are other significant milestones in his poetic career”. She also added that we can divide his poetry into three periods the Pre-Gitanjali Period, the Gitanjali Period, and Post-Gitanjali Period. Prof. Samik Bandyopadhyay, well-known film critic described Tagore as ‘romantic and mystic’ poet. Prof. Rameshwar Prasad Mishra, Principal, Bhasha-Bhavana and other teachers from different departments were present in the programme. At the end of the programme, Prof. Somdatta Mondal, HOD, DEOMEL thanked the gathering. Participation of speakers, research scholars from different countries made the event successful.

ভারতীয় সাহিত্যে সাম্প্রতিক প্রবণতা

মৃজিকা : গত ২০ জানুয়ারি ‘ভারতীয় সাহিত্যে সাম্প্রতিক প্রবণতা’ শীর্ষক একটি জাতীয় আলোচনাচক্রের আয়োজন করা হয়। রবীন্দ্রভারতী

বঙ্কিমচন্দ্র তুলনামূলক ভারতীয় সাহিত্যচর্চা কেন্দ্র ও বিশ্বভারতী বাংলা বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত এই আলোচনা চক্রে ভারতের বিভিন্ন রাজ্যের শিক্ষক, গবেষক ও ছাত্র-ছাত্রীরা এতে অংশগ্রহণ করেন। আলোচনাচক্রটি উদ্বোধন করেন

বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত।

আলোচনাচক্রে রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সব্যসাচী বসু রায়চৌধুরী বলেন তুলনামূলক সাহিত্যের ক্ষেত্রে এই ধরনের আলোচনা নতুন পথের সূচনা করবে। গ্রন্থন বিভাগের অধিকর্তা ড: রামকুমার মুখোপাধ্যায় বাংলা সাহিত্যে সাম্প্রতিক প্রবণতায় দলিত শ্রেণী ও নারীদের কথা প্রাধান্য পাচ্ছে বলে জানান।

শ্রীনিকেতনে শিশুদিবস

সীমা, দেবদূত : পল্লী সম্প্রসারণ কেন্দ্রের উদ্যোগে গত ১৬ নভেম্বর ২০১৩ শিশুদিবস পালিত হল শ্রীনিকেতনের ফ্রেসকো মঞ্চে। পল্লী সম্প্রসারণ কেন্দ্রের অন্তর্গত পঞ্চাশটি গ্রামের সমিতি থেকে আগত কচিকাঁচাদের বিভিন্ন সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে এই অনুষ্ঠানটি পরিচালিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে মঞ্চে উপস্থিত ছিলেন রবীন্দ্রভবনের অধ্যক্ষ অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায়, পল্লী-সম্প্রসারণ কেন্দ্রের বিভাগীয় প্রধান ড: রফিকুল ইসলাম, পল্লীসংগঠন বিভাগের অধ্যক্ষ অধ্যাপক অমিত হাজরা এবং পাঠভবনের প্রাক্তন অধ্যক্ষা শুভা ঠাকুর।

নেহরু স্মারক বক্তৃতা

কৃষ্ণ, সুস্মিতা : ইন্দিরা গান্ধী কেন্দ্র ও সাংবাদিকতা গণজ্ঞাপন বিভাগের যৌথ উদ্যোগে বিশ্বভারতীর কেন্দ্রীয় গ্রন্থাগারের সভাগৃহে নেহরু স্মারক বক্তৃতার আয়োজন করা হয় গত ১৩ জানুয়ারি। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিশিষ্ট সাংবাদিক পরাজয় গুহঠাকুরতা। তিনি নেহরুর আমলের ভারতীয় সমাজব্যবস্থা নিয়ে আলোচনা করেন। ভারতীয় অর্থনীতিতে নেহরুর অবদানকে স্বীকার করে তাঁর গৃহীত পরিকল্পনাগুলির গুরুত্ব উল্লেখ করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত।

গ্রামীণ ভারতের বর্তমান সমস্যা

দীপ্তি : সম্প্রতি দু’দিনব্যাপী একটি আলোচনাসভায় বাল্যবিবাহ ও কন্যা দ্রুপ হত্যা রংগত জনসচেতনতা সবচেয়ে বেশি জরুরী বলে মন্তব্য করলেন সমাজবিজ্ঞানীরা। বিশ্বভারতীর একে. দাশগুপ্ত সেন্টার ফর প্ল্যানিং এন্ড ডেভলপমেন্ট এবং অর্থনীতি ও রাজনীতি বিভাগের যৌথ উদ্যোগে এই আলোচনাসভার আয়োজন করা হয়। এই আলোচনাসভায় উপস্থিত ছিলেন স্বাস্থ্য এবং পরিবার কল্যাণ বিভাগের প্রাক্তন সভাপতি দিলীপ ঘোষ, বিশ্বভারতীর রবীন্দ্রভবনের অধিকর্তা অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায়, অর্থনীতি বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক সুদীপ্ত ভট্টাচার্য, সেন্টার ফর প্ল্যানিং এন্ড ডেভলপমেন্ট বিভাগের অধ্যাপক প্রণব কুমার চট্টোপাধ্যায় প্রমুখ।

Women in Indian Theatre

Riti, Pritha : A two-day national seminar was organized by the Women's Studies Centre, Visva Bharati from 9-10 February highlighting on the women's struggle in Indian theatre.

The inaugural session was presided over by Prof. Sushanta Dattagupta, Vice-Chancellor, Visva-Bharati. Prof. Manju Rani Singh, Director, Women's Study Centre, Visva Bharati, Prof. Ishita Mukhopadhyay, renowned theatre personality, Kolkata and Prof. Usha Upadhyay, Gujarat Vidyapith delivered addresses on this occasion. The famous play ‘Rudali’ was enacted by Dr. Usha Ganguly on this event.

IGC's Special Lecture

Samhita, Subhajit: Indira Gandhi Centre organised a special lecture of Miss Ayu Utami, an Indonesian writer on “Tagore’s Literary Creation and Views on Heritage of India and Indonesia” on 31 January 2014.

The session was presided over by Prof. Rameshwar Prasad Mishra, Principal, Bhasha Bhavana. Ms. Ayu Utami was accompanied by IPS Mr. Mrityunjay Kumar Singh, who is also a renowned poet. Prof. Aruna Mukherjee, Director, Indira Gandhi Centre concluded the session by thanking the gathering.

শাস্ত্রীয় সঙ্গীতের আসর

সুপর্ণা, ঋত্বি : সঙ্গীত ভবনের উদ্যোগে নাট্যঘরে ১৯-২০ ডিসেম্বর অনুষ্ঠিত হল হিন্দুস্থানী শাস্ত্রীয় সঙ্গীতানুষ্ঠান।

অনুষ্ঠানটি উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত। এদিন তিনি তাঁর বক্তৃতায় কবিগুরু শাস্ত্রীয় সঙ্গীতের প্রতি ভালবাসার কথা তুলে ধরেন। এরপর কিছু রাগ পরিবেশন করেন মনোজ কুমার শর্মা, রঞ্জিনী রামচন্দ্রন, শুভায়ু সেন মজুমদার, আবিব সিং খাস্পুরা এবং মনোজিং মল্লিক প্রমুখ।

Rathindra Mela

Seema, Debdut : Rathindra Silpa Mela was organised to mark the 125th birth anniversary of Rathindranath Tagore on 27-28 November. On the same day the new Silpa-Sadana building was inaugurated by Prof. Sushanta Dattagupta, Vice-Chancellor, Visva-Bharati. Prof. Amit Hazra, Principal, Palli-Samgathana Vibhaga, expressed his hope that the establishment of a new Rathindra-Bhavana would help in representing Rathindranath's thought process in innovation of art and craft designing. He added that the building was constructed by CPWD. This mela showcased the innovation and creativity of the students of Silpa Sadana which was praiseworthy.

নবম রথীন্দ্রস্মৃতি বক্তৃতা



সাদাম, সমীর : রথীন্দ্রনাথ ঠাকুরের ১২৫তম জন্মদিনে বিশ্বভারতীর বাংলা বিভাগের উদ্যোগে রথীন্দ্রস্মৃতি বক্তৃতা আয়োজিত হয় গত

২৭ নভেম্বর ২০১৩। মহর্ষি দেবেন্দ্রনাথ সভাকক্ষে এবারের নবম রথীন্দ্রস্মৃতি বক্তৃতা দেন রবীন্দ্রভবনের প্রাক্তন অধ্যাপক ও রবীন্দ্র গবেষক অনাথনাথ দাস। তিনি বলেন “জীবনের নানান প্রতিকূলতা সত্ত্বেও রথীন্দ্রনাথ নিজের আদর্শে অটল ছিলেন।”

প্রথম যে ক’জন ছাত্র নিয়ে আশ্রম শুরু হয় রথীন্দ্রনাথ তাদের মধ্যে অন্যতম। কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের রূপান্তরের পর সরকারি নানান বিধিনিষেধ পালন করতে গেলে রথীন্দ্রনাথের আদর্শের বাস্তব প্রয়োগ করা অসম্ভব তাই রথীন্দ্রনাথ বিশ্বভারতীর দায়িত্ব ছেড়ে দেন।

বাংলা বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক সুদীপ বসু স্বাগত ভাষণে রথীন্দ্রস্মৃতি বক্তৃতার সূচনা প্রসঙ্গে অধ্যাপিকা আঞ্জনা রায়ের উদ্যোগের কথা স্মরণ করেন। বাংলা বিভাগের ছাত্র-ছাত্রীসহ এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অধ্যাপক শান্তিরঞ্জন মিত্র, অধ্যাপক দীক্ষিত সিন্হা, অধ্যাপক অমল পাল, অধ্যাপক অরুণকুমার বসু প্রমুখ।

Zoology Conference

Jyotin, Rohit: A three-day international conference on ‘Environmental Biology & Ecological Modeling’ was organised by the Zoology Dept. of Visva-Bharati in association with the International Society for Ecological Modeling (ISEM), under the programme of Center for Advanced Studies, University Grant Commission, New Delhi, from 24-26 February. The Conference was inaugurated by Prof. Sushanta Dattagupta, Vice-Chancellor, Visva-Bharati.

পৌষ মেলার ডায়েরি

7 Poush

Riti, Suparna: Prof. Sushanta Dattagupta explained the necessity of 'Briksharopan', 'Halakarshan' and 'Silpotsav' in his speech as the *Acharya* of 7 Poush Mandir. He beautifully intertwined science and philosophy and linked them to the celebration of the 'Diksha Dibas' of Maharshi Debendranath on 7 Poush. The programme was enriched with Sanskrit hymn and songs performed by the Sangit Bhavana students and faculties.

সাংবাৎসরিক উৎসব

পিউ, অয়স্কী: ২০১৩-র সাংবাৎসরিক উৎসবে প্রধান অতিথি ছিলেন বিশিষ্ট স্নায়ু বিজ্ঞানী সুমন্ত্র চ্যাটার্জী। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পাঠভবনের অধ্যক্ষা শ্রীমতী বোধিরূপা সিন্হা, শিক্ষাসত্রের অধ্যক্ষ শ্রীজয়ন্ত কুমার ভট্টাচার্য। উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত এবং সুমন্ত্র চ্যাটার্জী পাঠভবনের ১৫২ জন ও শিক্ষাসত্রের ২৭৫ জনকে সপ্তপর্ণী তুলে দেন।

Maharshi Lecture

Swagata, Abhijit: The 41st Maharshi Debendranath Tagore

ভাস্কর্য সংরক্ষণের উদ্যোগ

পিউ: ভিক্তিওয়াল পেল নতুনরূপ। তার ভাঙা মাথা পেল পূর্ণতা। শুধু ভিক্তিওয়াল নয়, সুজাতা, গান্ধীমূর্তি, সাঁওতাল পরিবার, গৌতম বুদ্ধর মতো সব গুরুত্বপূর্ণ শিল্প কর্মগুলি আগের জায়গায় রেখেই সংরক্ষণে উদ্যোগী বিশ্বভারতী। শাস্তিনিকেতন আশ্রম জুড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকা খোলা আকাশের নিচে রামকিঙ্কর বেইজ ও অন্যান্য শিল্পীদের তৈরী ঐতিহ্যবাহী এই ভাস্কর্যগুলি প্রায় নষ্ট হতে বসেছে। উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্তর নির্দেশে বিখ্যাত শিল্পীদের ওই সমস্ত শিল্পকর্ম সংরক্ষণে ভারতীয় পুরাতত্ত্ব সর্বেক্ষণকে (এ.এস.আই) দায়িত্ব দেওয়া হয়েছে।

বিশ্বভারতীর প্রথম মহিলা ক্রিকেটদল



সাদ্দাম: এই প্রথমবার বিশ্বভারতীতে গঠন করা হল মহিলা ক্রিকেটদল। বিশ্বভারতীর স্পোর্টস বোর্ড এবং ক্রিকেট অ্যাসোসিয়েশন ফর বেঙ্গল-এর যৌথ উদ্যোগে এই ক্রিকেট মহিলা দল গঠন করা হয়েছে। সিনিয়র ওয়েস্ট বেঙ্গল উইমেন্স ক্রিকেট টিমের অলরাউন্ডার বিউটি চক্রবর্তী ইতিমধ্যেই মহিলা ক্রিকেট দলকে যোলোদিনের প্রশিক্ষণ দিয়েছেন বলে জানিয়েছেন ক্রীড়া বিভাগের সহকারী পরিচালক অভিজিৎ খান্ডার।

সি.জে.এম.সি-র পক্ষ থেকে সকলকে জানানো হচ্ছে বসন্ত উৎসবের আন্তরিক শুভেচ্ছা।

Memorial Lecture was held on 24 Dec. 2013 at the Central Library Conference Hall. In the past, many eminent personalities had delivered their addresses on this auspicious occasion. This year, the speaker was Emeritus Professor of Illinois University, Dr. Rajeshwari V. Pandharipandey.

স্মৃতিবাসর

পিয়া, বিয়াস: প্রতিবারের মত ৯ পৌষ সকালে প্রয়াত আশ্রমিকদের স্মরণে আশ্রমকুঞ্জে আয়োজিত হল স্মৃতিবাসর। এই সভায় বিশ্বভারতীর উপাচার্য সহ উপস্থিত অভ্যাগতরা প্রয়াত আশ্রমিকদের স্মৃতিচারণ করেন।

শ্রীশ্বেৎসব

তানিয়া, মহাশ্বেতা: শাস্তিনিকেতনের রবীন্দ্র ঘরানায় পালিত হল 'শ্রীশ্বেৎসব'। নেই কোন কোলাহল, নেই কোনো জাঁকজমক। ক্যারল, মন্ত্রপাঠ, বাইবেল পাঠের পাশাপাশি রবীন্দ্রসংগীতের মধ্যে দিয়ে পালন করা হয় এই উৎসব। মোমবাতির আলোয় রঙিন কাঁচ দিয়ে তৈরী 'উপাসনা গৃহ' আরও রঙিন ও আলোকময় হয়ে ওঠে। ২৫ ডিসেম্বর দিনটি শাস্তিনিকেতনের এক অন্যতম আকর্ষণ।

Kantha as Stitch Art

Subhrajee, Jyoti: Rabindra Bhavana organised an exhibition entitled 'Kantha as Stitch Art' on 14 November 2013. Shamlu Dudeja of 'SHE' foundation exhibited her exotic Kantha Stitch creations in the Bichitra Hall of Rabindra-Bhavana.

The exhibition was inaugurated by Prof. Sushanta Dattagupta, Vice-Chancellor, Visva-Bharati. Prof. Tan Chung, son of the founder of China Bhavana and Prof. Sabyasachi Basu Roychowdhury, Vice-Chancellor, Rabindra Bharati University. Director Culture & Cultural Relations, Prof. Tapati Mukherjee thanked the guests and the audience.

Conference on Sports Psychology

Swagata, Debjoy, Snehasish: Visva-Bharati Sports Board and Department of Physical Education took another step towards national development in Sports and Physical Education, by organizing the 24th National Conference of Sports Psychology on 'Sports and Exercise Psychology: Career Development and Psychological Development of Youth Sports' from 4-6 January.

জাতীয় স্তরে বিশ্বভারতীর মহিলা বাস্কেটবল দল

হরষিত, সাদ্দাম: প্রথমবারের জন্য 'অল ইন্ডিয়া বাস্কেটবল টুর্নামেন্ট'-এ খেলার যোগ্যতা অর্জন করল বিশ্বভারতীর মহিলা বাস্কেটবল দল। আঞ্চলিক স্তরে বেনারস কাশি হিন্দু বিশ্ববিদ্যালয়কে হারিয়ে তারা এই যোগ্যতা অর্জন করে। ২৭ নভেম্বর ২০১৩ থেকে বিজয়ওয়াড়ায় আয়োজিত এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করে ইস্ট জোনে তৃতীয় স্থান লাভ করে বিশ্বভারতী।

রবীন্দ্রভবনে নাট্যচর্চা কেন্দ্র

নবমিতা: নাট্যচর্চার প্রসারের জন্য নাট্যচর্চা কেন্দ্র শুরু করল বিশ্বভারতী কর্তৃপক্ষ। টেগোর মেমোরিয়াল ইনস্টিটিউটের অধীনে রবীন্দ্রভবনে এই নাট্যচর্চা কেন্দ্র শুরু করার কথা জানান অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায়। গত ২৪ নভেম্বর রবীন্দ্রভবনের উদয়ন প্রাঙ্গণে এই নাট্যচর্চা কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত। রবীন্দ্রনাট্যের সম্প্রসারণ ও বীরভূমের বিভিন্ন নাট্যদলের সাথে সহযোগিতা করাই হবে এই কেন্দ্রের মূল উদ্দেশ্য। অধ্যাপিকা তপতী মুখোপাধ্যায় আরও জানান নাট্যচর্চার উপর সার্টিফিকেট কোর্সও চালু করা হবে এই কেন্দ্রে। অশোক মুখোপাধ্যায়, সৌমিত্র বসু, উষা গান্ধুলী ও আলপনা রায়ের মতো বিশিষ্ট ব্যক্তিদের উপস্থিতি অনুষ্ঠানকে এক অন্য মাত্রা দান করে।

নতুন বাড়ি পেল এ.কে.ডি সেন্টার

দীপ্তি, নবমিতা: এ.কে. দাশগুপ্ত সেন্টার ফর প্ল্যানিং এণ্ড ডেভলপমেন্ট বিভাগ পেল নতুন বাড়ি। বিখ্যাত অর্থনীতিবিদ প্রয়াত ড: অমিয় কুমার দাশগুপ্তের মেয়ে অলকানন্দা প্যাটেল এবং ছেলে পার্থ দাশগুপ্ত বাড়িটি বিশ্বভারতী কর্তৃপক্ষকে দিয়ে দেন বহুদিন আগেই। গত ২৫ ফেব্রুয়ারি এই বাড়িটি উদ্বোধন করা হয় এ.কে. দাশগুপ্ত সেন্টার ফর প্ল্যানিং অ্যান্ড ডেভলপমেন্ট বিভাগের জন্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত, বিদ্যাভবনের অধ্যক্ষ অধ্যাপক মধুসূদন ঘোষ, অধ্যাপক প্রণব দাশগুপ্ত, অধ্যাপক সুদীপ্ত ভট্টাচার্যসহ বিশিষ্ট জনেরা।

আধুনিক জিমন্যাসিয়াম ও সুইমিং পুল

দেবজয়, মেহাশীষ: খুব শীঘ্রই বিশ্বভারতীতে চালু হতে চলেছে অত্যাধুনিক মানের জিমন্যাসিয়াম ও সুইমিং পুল। এমনটাই জানালেন বিশ্বভারতীর উপাচার্য অধ্যাপক সুশান্ত দত্তগুপ্ত। ঐ দিন এক প্রতিবন্ধী ছাত্রকে একটি ট্রাইসাইকেল উপহার দেওয়া হয়। ঐ অনুষ্ঠানে উপাচার্য ছাড়াও উপস্থিত ছিলেন বিশ্বভারতীর স্পোর্টস বোর্ডের অধিকর্তা ড: কর্নেল মনিমুকুট মিত্র ও বিশ্বভারতী এস.ই.আই.আর.আরএর অধিকর্তা অধ্যাপিকা সবুজকলি সেন ও অন্যান্য ভবনের অধ্যক্ষরা।

Documentary on Nandan Mela

Mahasweta, Riti, Swagata, Tania: On the evening of 20 November 2013, a short film was screened at the Kala Bhavana premises. The film was made by Prof. Sisir Sahana, Principal, Kala Bhavana.

Along with Prof. Sushanta Dattagupta, Vice-Chancellor, Visva-Bharati, many teachers and principals of various Bhavanas were also present at the

screening. Every year on 1 and 2 December, the mela is organised at the Kala Bhavana in the fond memory of the great artist, Nandalal Bose.

At the end of this short film screening, Vice-Chancellor announced the proposed plan of 'Lalbandh Eco Zone' as an innovative initiative taken up by Kala Bhavana.

Transformation of Santiniketan Trust

Priya, Mouli: Santiniketan Trust, an old associate of Visva-Bharati was transformed into a charitable trust on 25 November 2013. Founded by Maharshi Devendranath Tagore on 15 May 1888, the Trust celebrated its 125th anniversary last year.

Traditionally, the Vice-Chancellor of Visva-Bharati is the ex-officio head of the Trust and presently, Prof. Sabujkoli Sen, Director, SEIRR and Mr. Kalika Ranjan Chatterjee are the trustees.

This initiative will empower the Trust to work for the welfare and progress of Santiniketan and its adjacent areas, justifying the objectives of its founder.

কিতকিত

(প্রথম পাতার পর)

গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর বিশ্বভারতীতে ঐতিহ্যবাহী খেলাধুলা চর্চার সূচনা করেছিলেন। এই কথা মাথায় রেখে এবছর ২৪তম প্যান এশিয়ার আলোচনাসভা বসেছিল শাস্তিনিকেতনে। এই আলোচনার উদ্বোধনী অনুষ্ঠানে ক্রীড়া বিশেষজ্ঞদের মধ্যে উপস্থিত ছিলেন প্যান এশিয়ান সোসাইটি অফ স্পোর্টসের সভাপতি অধ্যাপক সাং ইয়াং লী, ইন্টারন্যাশনাল স্পোর্টস এন্ড গেমস অ্যাসোসিয়েশন এর সভাপতি সাই জাওয়েন পি. এস. এন.এস-এর অধিকর্তা ড: কর্নেল মনি মুকুট মিত্র এবং এস.ই.আই.আর.আর-এর অধিকর্তা অধ্যাপিকা সবুজকলি সেন প্রমুখ।

ভারতীয় সংস্কৃতিতে পার্শ্ব-ইসলামিক প্রভাব

দীপ্তি, সাদ্দাম: ভারতের সংস্কৃতিতে যেমন পার্শ্ব-ইসলামিকদের প্রভাব রয়েছে তেমনি পার্শ্ব-ইসলামিকদের সংস্কৃতিতেও ভারতের প্রভাব রয়েছে 'ভারতীয় চিন্তা ভাবনা এবং সংস্কৃতিতে পার্শ্ব-ইসলামিক প্রভাব' শীর্ষক একদিনের আলোচনা সভায় এসে এমনটাই মন্তব্য করলেন প্রধান অতিথি, আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপিকা আজরমি দুখত সাফাভি। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশ্বভারতীর ভাষাভবনের অধ্যক্ষ অধ্যাপক রামেশ্বর প্রসাদ মিশ্র, আরবি-পার্শ্ব বিভাগের বিভাগীয় প্রধান ডঃ ওয়াসফি আহমেদ প্রমুখ।

পাঠভবনের প্রতিনিধি সভার নির্বাচন

অয়স্কী, বিশ্বজিৎ: অন্যান্য জায়গায় ছাত্র সংসদের নির্বাচন মানেই লাঠা-লাঠি, মারা-মারি, কিন্তু পাঠভবনের নির্বাচন খুবই শান্ত-শৃঙ্খলাবদ্ধ। এখানে কোনো ভোটের প্রচার নেই, আছে শুধু বন্ধুত্বপূর্ণ লড়াই। এখানেই বোধহয় শাস্তিনিকেতনকে আলাদা করা যায়। বর্তমান সরকার যখন শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র রাজনীতির উপর কড়া কড়ি করছে পাঠভবন তখন তার পুরনো ঐতিহ্য মেনে বছরের পর বছর ভোট করে চলেছে।

এ বছর এই নির্বাচন ১০১ বছরে পা রাখল। এ বছরের নির্বাচনে নির্বাচিত হয়েছেন রিয়াক সাধু, প্রদীপ্ত কুমার মুখাজ্জী, তটিনী বিশ্বাস ও শুভা গোস্বামী।

New Initiatives by Kala-Bhavana

Riti, Mahasweta, Swagata, Tania: An interdisciplinary art practice called 'New Media' will be opened very soon at Kala-Bhavana. Prof. Sisir Sahana, Principal, Kala-Bhavana said that in this new department many experimental works related to digitization of art can be done. It will also give an opportunity to the students of other bhavanas to join Kala Bhavana and explore their talents.

In another new initiative undertaken, a souvenir shop was opened on 29 November 2013 at Nandan Gallery to sell the creations of students and teachers of Kala-Bhavana. Along with this shop an exhibition to mark the centenary publication of 'Jeevan-Smriti', was organized as well. In the exhibition paintings of Gaganendranath Tagore were showcased.

সঙ্গীত ভবনের নতুন বাড়ি

ঋতি, সুপর্ণা: সঙ্গীত ভবনের ছাত্র-ছাত্রীরা পেল এক নতুন বাড়ি। এই নতুন ভবনেই বিশ্বভারতীর বিভিন্ন অনুষ্ঠানের মহড়া দিতে পারবে ছাত্রছাত্রীরা। গত ৩১ জানুয়ারি নবনির্মিত এই বাড়ির দ্বারোদ্বাটন করেন উপাচার্য সুশান্ত দত্তগুপ্ত। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সঙ্গীত ভবনের তৎকালীন অধ্যক্ষা ইন্দ্রাণী মুখোপাধ্যায় সহ অন্যান্য বিশিষ্টজনেরা।

পাঠভবনের পুনর্মিলন

মেহাশীষ: এবার থেকে পাঠভবনের পুনর্মিলন উৎসব হবে ৬ পৌষ। দীর্ঘ বারো বছর পর হওয়া এই পুনর্মিলন উৎসবে একথা ঘোষণা করেন পাঠভবনের অধ্যক্ষা বোধিরূপা সিন্হা। এবার পৌষমেলার আগের দিন হওয়া এই পুনর্মিলন উৎসবে উপস্থিত ছিলেন পাঠভবনের বহু প্রাক্তন ছাত্র-ছাত্রীরা। ১৯৫৪ সাল থেকে বর্তমান বছর পর্যন্ত একাধিক পড়ুয়া এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। বিশিষ্ট অতিথিদের মধ্যে ছিলেন বিশ্বভারতীর উপাচার্য সুশান্ত দত্তগুপ্ত এবং পাঠভবনের প্রাক্তন অধ্যক্ষ সুপ্রিয় ঠাকুর।

অজয় ঘোষ ট্রফির আসর বিশ্বভারতীতে

সাদ্দাম, হরষিত: এই নিয়ে তৃতীয়বার অজয় ঘোষ মেমোরিয়াল আস্তঃ বিশ্ববিদ্যালয় ক্রিকেট টুর্নামেন্টের আসর বসল বিশ্বভারতীতে। এই টুর্নামেন্টে বিশ্বভারতীসহ রাজ্যের আটটি বিশ্ববিদ্যালয় অংশগ্রহণ করে। সিএবি পরিচালিত এই টুর্নামেন্টে লিগ পর্ব থেকে বিদায় নেয় বিশ্বভারতীর ক্রিকেট দল। অন্যদিকে ফাইনালে কল্যাণীকে হারিয়ে জয়ী হয় কলকাতা বিশ্ববিদ্যালয়।

Publisher Dr. Mausumi Bhattacharyya
Editorial Advisor Prof. (Dr.) Biplab Loha Chowdhury
In-Charge Reporting & Editorial Board Ms. Sanhita Chatterjee Chandranath Bandopadhyay
Editorial Board Seema Chakraborty (Editorial Co-ordinator) Subhjit Adhikary Piu Banerjee Debjoy Dutta Madhumita Bhattacharjee
Management Saddam Hossain Subhrajee Ganguly
Assistance Mahadeb Mondal Hiranmoy Banerjee